# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

শিরোমনি শিল্প এলাকা, খুলনা-৯২০৬।

www.bcsl.gov.bd

সূত্র: ১৪.৩৭.০০০০.২০১.১১.০০৩.২২.২৪২২ তারিখ: ১৪-০৮-২০২২ খ্রি:।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) টেলিকমুনিকেশন ক্যাবলস (কপার ও অপটিক্যাল ফাইবার), এইচডিপিই ডাক্ট এন্ড বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টরস ও ক্যাবলস প্রস্তুতকারী একটি বৃহৎ সরকারী মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানী। উৎপাদনমূখী এই আধুনিক শিল্প প্রতিষ্ঠানের বিধিমালা অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন দক্ষ ও মেধাবী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত পদসমূহে স্থায়ী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বাকেশি বেতন গ্রেড | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (উৎপাদন) | ১টি | বেতন গ্রেড-৫<br>টাকা ২৮১৬০-৬৭৯১০/- | (১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং(আইপিই) পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে প্রথম বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.৫ [জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণি বা সিজিপিএ ৩.০ থাকতে হবে। |
| ২। | ক্রয় কর্মকর্তা | ১টি | বেতন গ্রেড-৬<br>টাকা ২০৪৮০-৪৯৪৪০/= | (১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছরের স্নাতক সম্মান/স্নাতকোত্তর/এমবিএ পাশ।<br>(২) শিক্ষা জীবনে ২টি পরীক্ষায় কমপক্ষে ১ম বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) অথবা জিপিএ ৩.০(জিপিএ ৪ এর ক্ষেত্রে) থাকতে হবে এবং কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ১টি | বেতন গ্রেড-৬<br>টাকা ২০৪৮০-৪৯৪৪০/= | (১) যে কোন পলিটেকনিক ইনস্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(মেকানিক্যাল) পাশ।<br>(২) এসএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ১ম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং-এ সিজিপিএ ৩.০ থাকতে হবে। |
| ৪। | মার্কেটিং সহকারী | ১টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) ব্যবসা শিক্ষায় স্নাতক পাশ।<br>(২) শিক্ষা জীবনে ২টি পরীক্ষায় কমপক্ষে ১ম বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) অথবা জিপিএ ৩.০(জিপিএ ৪ এর ক্ষেত্রে) থাকতে হবে এবং কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>(৩) সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। |
| ৫। | মেশিন অপারেটর | ৩টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১)এসএসসি ভকেশনাল (জেনারেল ইলেকট্রনিক্স/ জেনারেল মেকানিক্স/মেশিন টুলস অপারেশন/ ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/ কম্পিউটার ও তথ্য প্রযুক্তি) সহ এইচএসসি বা সমমান পাশ।<br>(২) অত্র প্রতিষ্ঠানের উৎপাদন বিভাগ, রক্ষণাবেক্ষণ ও নির্মাণ বিভাগ ও মাননিয়ন্ত্রণ শাখায় যে সকল অস্থায়ী কর্মী ২ বছরের অভিজ্ঞতা অর্জন করেছেন এবং সরকারি/বেসরকারি ক্যাবল উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে সকল কর্মীর উৎপাদন কাজে ২ বছরের অভিজ্ঞতা আছে তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এইচএসসি বা সমমান পাশ।<br>(৩) সকল পরীক্ষায় জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে। |
| ৬। | গাড়ীচালক | ১টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি পাশ।<br>(২) প্রার্থীকে ভারী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে এবং লিফটার চালনায় দক্ষ হতে হবে। |
| ৭। | সাহায্যকারী | ৫টি | বেতন গ্রেড-১৬<br>(টাকা ১০৭৩০-২৫৯৭০/- | (১)এসএসসি ভকেশনাল (জেনারেল ইলেকট্রনিক্স/জেনারেল মেকানিক্স/মেশিন টুলস অপারেশন/ ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/ কম্পিউটার ও তথ্য প্রযুক্তি) পাশ। এসএসসি ভকেশনাল পরীক্ষায় জিপিএ ৩.০(জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(২) অত্র প্রতিষ্ঠানের উৎপাদন বিভাগ, রক্ষণাবেক্ষণ ও নির্মাণ বিভাগ ও মাননিয়ন্ত্রণ শাখায় যে সকল অস্থায়ী কর্মী ২ বছরের অভিজ্ঞতা অর্জন করেছেন এবং সরকারি/বেসরকারি ক্যাবল উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে সকল কর্মীর উৎপাদন কাজে ২ বছরের অভিজ্ঞতা আছে তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এসএসসি বা সমমান পাশ। |

**শর্তাবলি:**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.bcsl.gov.bd) হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পাওয়া যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)। এছাড়া নিয়োগ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে দেয়া হবে।

৩। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, অভিজ্ঞতা সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আগামী ১৪-০৯-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে/জিইপি/কুরিয়ার সার্ভিস যোগে অফিস চলাকালীন সময়ে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমনি শিল্প এলাকা, পোঃ সোনালী জুট মিলস, খুলনা-৯২০৬ ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। হাতে হাতে বা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। ১৪-০৯-২০২২ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তবে ক্রমিক নং-৫ থেকে ৭ পর্যন্ত পদের জন্য অত্র প্রতিষ্ঠানে নিয়োজিত স্থায়ী/অস্থায়ী (আউটসোর্সিং কর্মীসহ) কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। ক্রমিক নং-১ থেকে ৩ নং পদের জন্য ৩০০.০০ টাকা এবং ক্রমিক নং-৪ থেকে ৭ নং পদের জন্য ২০০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) এর মূল কপি বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর অনুকূলে সোনালী ব্যাংক, ক্যাবল শিল্প শাখা, খুলনা'র উপর দাখিল করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আবেদনসমূহ প্রাথমিক বাছাই এর পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি অবশ্যই দেখাতে হবে।

৭। লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তিসহ যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে দেয়া হবে এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র সাধারণ ডাক যোগে প্রেরণ করা হবে। তবে কেউ যদি নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশ পত্র না পান সেক্ষেত্রে লিখিত পরীক্ষার পূর্বেই তিনি অফিস সময়ের মধ্যে অত্র প্রতিষ্ঠানে যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

৮। চাকরিরত প্রার্থীদেরকে উপর্যুক্ত শর্তানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। নির্ধারিত ফরম ব্যতীত অথবা ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরে অসত্য/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।
১১। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১২। একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
১৩। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
১৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৫। যে কোন ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

14/08/22
(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন) অ:দা:।